

**বিষয় : রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ কর্তৃক গঠিত ছায়া কমিটির পর্যবেক্ষন
এবং বসতবাড়ি নির্মানসহ উন্নয়ন সংক্রান্ত প্রতিবেদন।**

বিগত ২২-০২-২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত ৩৩তম বার্ষিক সাধারণ সভার মুক্ত আলোচনায় সর্বসম্মতিক্রমে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি ছায়া কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। সেই সিদ্ধান্ত মোতাবেক রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর সেক্রেটারী মহোদয় ০৮-০৪-২০২৫ ইং তারিখে ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি অফিস আদেশ/চিঠি প্রদান করেন। চিঠির মূল লক্ষ ছিল প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা সহ বসতবাড়ী নির্মানের এবং অন্যান্য আনুষঙ্গিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্তে কার্যকরী পর্ষদকে পরামর্শ দেয়ার জন্য। সে লক্ষ্য পূরণের জন্য অর্থাৎ প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা সহ বসতবাড়ী নির্মান এবং অন্যান্য আনুষঙ্গিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্তে কার্যকরী পর্ষদকে পরামর্শ দেয়ার জন্য গঠিত ছায়া কমিটির ৭টি সভার প্রস্তাব এবং করণীয় বিষয়গুলো যা ছিল সামগ্রিক উন্নয়ন সংক্রান্ত করণীয়, পরামর্শ/সুপারিশমালা সেই সুপারিশমালা, করণীয় প্রস্তাব সমূহ একত্রিত করে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অদ্য ১৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/৩ মার্চ ২০২৬ খ্রিঃ প্রতিবেদন আকারে পেশ করা হলো।

ছায়া কমিটির সুপারিশ :

- ১। ৩৩তম এজিএম/বার্ষিক সাধারণ সভার আলোচনার মূল বিষয়গুলো বা আপত্তির বিষয়গুলো কি কি ছিল তা নিরসনের জন্য কার্যকরী পর্ষদকে বাস্তব ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো, যাতে আগামী বার্ষিক সাধারণ সভায় সাধারণ সদস্যবৃন্দ অনাকাঙ্ক্ষিত কোনরূপ অভিযোগ সৃষ্টি করতে না পারেন।
- ২। রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর কোন বরাদ্দকৃত প্লট বা ভূমি বিষয়ে কোনরূপ সমস্যা বিদ্যমান থাকলে তা জরুরী ভিত্তিতে সমাধানের পদক্ষেপ গ্রহণ করতে হবে এই মর্মে সুপারিশ করা হলো।
- ৩। রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর সাধারণ সদস্যদের নামজারী ব্যাপারে সমস্যা থাকলে তা নিরসনে কার্যকরী পর্ষদকে বা দায়িত্বপ্রাপ্ত সদস্য বা কর্মকর্তাকে সমস্যা নিরসনে সহযোগিতা করতে হবে এই মর্মে সুপারিশ করা হলো।
- ৪। ৯৯ (নিরানব্বই) শতাংশ খাস জমি লিজের অগ্রগতি বর্তমানে কোন অবস্থা আছে তা জেনে পরবর্তী ব্যবস্থা দ্রুত গ্রহণ করতে হবে, যাতে রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর পক্ষে লিজ নেয়া সম্ভব হয়। বিষয়টি সংশ্লিষ্ট অফিস বা কার্যালয়ে চলমান রয়েছে তবে বর্তমান দেশের সার্বিক অবস্থায় প্রক্রিয়াটি কিছুটা স্থবির হয়ে আছে এই মর্মে ছায়া কমিটিকে জানানো হয়। লিজ নেয়ার প্রক্রিয়াটি দ্রুত সম্পন্ন করার জন্য সুপারিশ করা হলো।
- ৫। প্রকল্পের রাস্তা এবং প্লট সহ সমস্ত এলাকার আগাছা পরিষ্কার করা (ফলজ ও বনজ গাছ বাদে) সোসাইটির কার্যকরী পর্ষদকে দায়িত্ব নিতে হবে এই মর্মে গত ৩৩তম বার্ষিক সাধারণ সভায় একটি প্রস্তাব উত্থাপন হয়েছিল, সে প্রস্তাবটি কার্যকর করা সম্ভব হলে তা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে এ মর্মে প্রস্তাব করা হলো। এখানে উল্লেখ্য এই ব্যাপারটি সমাধানের জন্য আগামী বার্ষিক সাধারণ সভায় আলোচনাপূর্বক অর্থের ব্যাপারটি সমাধানপূর্বক বিশেষ করে সদস্যদের প্লটের আগাছার/জঙ্গল পরিষ্কারের বিষয়টি সমাধান করা যেতে পারে বলে ছায়া কমিটি মনে করে।
- ৬। রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ প্রকল্পের নিরাপত্তা ডিউটি নিশ্চিত করা অত্যন্ত জরুরী সেটি নিশ্চিত করার প্রস্তাব করা হলো এবং ভালমানের নিরাপত্তা প্রহরী/গার্ড নিয়োগের মাধ্যমে এ বিষয়টি বাস্তবায়ন সম্ভব বলে ছায়া কমিটি মনে করে।
- ৭। প্লটের সীমানা পিলার যেখানে নাই তা স্থাপন বা নির্মান করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এ মর্মে প্রস্তাব করা হয়েছিল। কার্যকরী পর্ষদ অবগত করেন যে সীমানা পিলারের পুনঃ স্থাপন এবং নাচারিং করার কাজটি সম্পন্ন হয়েছে।
- ৮। প্রকল্পের অভ্যন্তরিন ভাঙ্গচোরা রাস্তাগুলো মেরামত করার দ্রুত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।
- ৯। বর্তমানে প্রকল্পের প্লটের দাম এবং প্রকল্পের বাহিরে জায়গা/জমির মূল্য বেশি পার্থক্য পরিলক্ষিত হচ্ছে। এমতাবস্থায় প্লটের মূল্যে বাহিরের জায়গা/জমির মূল্যের সঙ্গে সমন্বয় করতঃ অর্থাৎ জেনে সেটি পুনঃনির্ধারণ করা প্রয়োজন। বিষয়টি আগামী বার্ষিক সাধারণ সভায় আলোচনাপূর্বক পূর্বের বিধিনিষেধ রহিত/গ্রহণযোগ্য করে বাস্তবায়ন করা যেতে পারে মর্মে ছায়া কমিটি মনে করে।

১০। সোসাইটির স্বার্থে সূষ্ঠ ও গ্রহণযোগ্য নির্বাচন অতীব জরুরী। এজন্য রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ সূষ্ঠ ও গ্রহণযোগ্য নির্বাচন সম্পন্ন করার জন্য নির্বাচনের তফসিল যথাসময়ে জারী পূর্বক নির্বাচনের জন্য চিঠি-পত্র প্রত্যেক সদস্য যাহাতে পান, সেভাবে সঠিক ঠিকানা জেনে চিঠি পাঠানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে এই মর্মে ছায়া কমিটি প্রস্তাব পেশ করলো।

১১। ৩(তিন) সদস্য বিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি (ইন্টারন্যাশনাল অডিট টিম) গঠন করার পরামর্শ দেয়া হয়। একই পরামর্শ ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ সালের বার্ষিক সরকারি নিরীক্ষা দলও দিয়েছিল। কিন্তু বিষয়টি কার্যকরী পর্ষদ আমলে নেয়নি। বিষয়টি আগামী বার্ষিক সাধারণ সভায় আলোচনাপূর্বক বাস্তবায়ন করা যেতে পারে।

১২। প্রকল্পের প্রটের দলিল এ পর্যন্ত কতজন মালিক গ্রহণ করেননি তাঁদের নাম, ঠিকানা এবং মোবাইল নং সহ একটি তালিকা প্রস্তুত করে তা রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর ওয়েব সাইটে প্রদান করা এবং মালিকদের দলিল গ্রহণের তাগিদ দেয়ার জন্য প্রস্তাব করা হলো। এখানে উল্লেখ্য ১০ জন সদস্য রেজিস্ট্রেশন করেননি। বিষয়টি দ্রুত এগিয়ে নেয়ার জন্য প্রচেষ্টা অব্যাহত রাখা প্রয়োজন।

১৩। প্রকল্পের বাউভারী ওয়ালের বাহিরে যেমন-পূর্ব সদরপুর, বাসান্দ্র মৌজা ইত্যাদি স্থানে জায়গা/জমি/পুট কতটি রয়েছে? তার ঠিকানা উল্লেখপূর্বক জমির পরিমাণ রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর ওয়েব সাইটে প্রদান করা এবং তা দ্রুত বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ তথা পদক্ষেপ গ্রহণ করার জোর সুপারিশ করা হলো। কারণ বিক্রয়ের অর্থ উন্নয়নের খাতে ব্যবহার করা যাবে।

১৪। প্রকল্পে ভিতরে ৪(চার)টি পুট যথা নং-৩২, ২৪৮, ২৪৯, ২৫০ পূর্ব হতে ব্যক্তিগত মালিকানাধীন আছে। বিষয়টি কার্যকরী পর্ষদ ছায়া কমিটিকে এই মর্মে অবহিত করেছেন। এ তথ্যাদি রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর ওয়েব সাইটে আপলোড করার পরামর্শ প্রদান করা হলো।

১৫। প্রকল্পের ভিতর কমন জায়গা/স্পটে, পিকনিক স্পট/পার্ক করে বাণিজ্যিকভাবে চালু করা যায় কিনা তা ভেবে দেখা যেতে পারে। উল্লেখ্য এ বিষয়ে অর্থ/ফান্ড কিভাবে সংগ্রহ করা সম্ভব হবে তা আগামী বার্ষিক সাধারণ সভায় আলোচনার পরামর্শ প্রদান করা হলো।

১৬। বেদখলকৃত জায়গার মৌজা/স্থান/পরিমাণ সহ তা রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর ওয়েব সাইটে প্রদান করা এবং জায়গা উদ্ধারের জন্য আইনী সহায়তা জরুরী ভিত্তিতে গ্রহণ করা প্রয়োজন বলে ছায়া কমিটি মনে করে।

১৭। প্রকল্পের উত্তরদিকে বাউভারী ওয়ালের বাহিরে অবস্থিত ৭.৫০ শতাংশ জায়গা নিয়ে মানু মন্ডল এন্ড গং এর সঙ্গে জায়গা জমি সংক্রান্ত বিরোধ দ্রুত সমাধান করা প্রয়োজন।

১৮। প্রকল্পের ভিতরে অবৈধভাবে/জোড়পূর্বক কেউ কেউ কাঠাল নিয়ে যায় এবং জমি জায়গা দাবী করে এবং নিরাপত্তার প্রহরীর সঙ্গে খারাপ আচরণ করে। এ বিষয়টি প্রকল্প অফিসার ছায়া কমিটিকে জানান। বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়ে স্থানীয় আইন শৃঙ্খলা বাহিনী সহায়তা নেয়া যেতে পারে।

১৯। (ক) প্রকল্পের ভিতরে বিশেষ করে বৈকাল বেলা বহিরাগতদের প্রবেশকে নিরুৎসাহিত করার জন্য বড় আকারের সাইন বোর্ড দিয়ে প্রবেশ নিষেধ এবং কোন ধরনের দূর্ঘটনা ঘটলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না-এ ধরনের লিখিত সাইন বোর্ড টাঙ্গানো যেতে পারে/অথবা দেয়ালে বিভিন্ন জায়গায় রং দ্বারা সতর্কবানী লেখার ব্যবস্থা গ্রহণ কার্যকরী পর্ষদ করবেন বলে ছায়া কমিটি মনে করে এবং তা প্রস্তাব আকারে পেশ করা হলো।


(খ) প্রকল্পের নিরাপত্তা নিশ্চিতের জন্য বহিরাগতদের অনাকাঙ্ক্ষিতভাবে প্রকল্পে ভিতরে প্রবেশের বিষয়টি স্থানীয় প্রশাসন এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অফিসে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণ করা যায়। বিষয়টি সমাধানের জন্য কার্যকরী পর্ষদ উদ্যোগ নিতে পারে বলে ছায়া কমিটি প্রস্তাব করছে।

(গ) প্রকল্পের নিরাপত্তা নিশ্চিত করা জন্য বাউভারী ওয়ালের কোন অসম্পূর্ণতা থাকলে তা নির্মাণ করা অত্যন্ত জরুরী এবং এ ব্যাপারে অর্থাৎ এ নির্মাণ কাজে কোন কারণে বাধাগ্রস্ত হলে প্রয়োজনে আইনের আশ্রয় নেয়া যেতে পারে বলে ছায়া কমিটি মনে করে এবং তা প্রস্তাব আকারে পেশ করা হলো।

(ঘ) নিরাপত্তার বিষয়টি বিবেচনায় পকেট গেইট জরুরী ভিত্তিতে বন্ধ করা প্রয়োজন বলে ছায়া কমিটি মনে করে। কারণ পকেট গেইট খোলা থাকলে যে কোন ধরনের অঘটন ঘটতে পারে। বিষয়টি সমাধানের জন্য কার্যকরী পর্ষদ দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন এই মর্মে প্রস্তাব করা হলো।


২০। প্রকল্পের পুট বা জমির মিউটেশন করতে আর কোন প্রকার বাধা নেই এই মর্মে রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর সেক্রেটারী মহোদয় অবহিত করেন। অতঃপর কমিটি আলোচনান্তে মিউটেশন করার বিষয়টি প্রত্যেক সদস্যকে দ্রুত জানানোর ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করা হলো।

- ২১। প্রকল্পের উন্নয়ন এবং বসতবাড়ী নির্মাণের পরিবেশ সৃষ্টির জন্য, সামাজিক বিষয়টি বিবেচনা করে বিদ্যালয়, মহাবিদ্যালয়, হাসপাতাল/নাসিং কলেজ, ছোট বাজার ব্যবস্থা, মসজিদ ইত্যাদি পর্যায়ক্রমে নির্মাণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এ ব্যাপারে স্থানীয় মান্যগণ্য ব্যক্তি এবং স্থানীয় প্রশাসন যেমন ইউনিয়ন কাউন্সিলের চেয়ারম্যান, উপজেলা/জেলা শিক্ষা অফিসের উচ্চতন কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময় করার মাধ্যমে কার্যকরী পর্যদকে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং পদক্ষেপ নেয়ার সুপারিশ করা হলো।
- ২২। সিভিল ফ্যাসিলিটিস যেমন-ড্রেনেজ/পয়ঃ প্রণালী, নোংড়া পানি এবং আবর্জনা ফেলার জন্য জলাধার/খাল নির্মাণ করা প্রয়োজন বলে ছায়া কমিটি মনে করে। এ বিষয়টি বাড়ীঘর নির্মাণের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসাবে বিবেচিত হবে, তাই বিষয়টি প্রস্তাব আকারে পেশ করা হলো।
- ২৩। প্রকল্পের উন্নয়ন পরিকল্পনা তথা বসতবাড়ী নির্মাণের বিষয়গুলি একটি নির্দিষ্ট পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে অর্থাৎ কোনটি আগে কোনটি পরে এ বিষয়গুলি হাউজিং নির্মাণ বিশেষজ্ঞ প্রকৌশলী/আরবান প্ল্যানিং প্রকৌশলী দ্বারা বিবেচনায় নিয়ে ত্রাস প্রোগ্রামের মধ্য দিয়ে বৈমাসিক, সামাসিক, বাৎসরিক উন্নয়ন চার্ট করে তা বাস্তবায়নের লক্ষ্যে একটা বিশেষ কমিটি গঠন করে দায়িত্ব দেয়া যেতে পারে।
- ২৪। প্রকল্পের অভ্যন্তরে অবিক্রিত পুট দ্রুত বাজার মূল্যে বিক্রি করার পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।
- ২৫। ভবিষ্যতে প্রকল্পের উন্নয়ন সংক্রান্ত যে কোন অর্থ আলাদাভাবে সংরক্ষণ/স্থায়ী আমানতে রাখা প্রয়োজন।
- ২৬। সরকারি ব্যাংকে এখন থেকে যে কোন খাতের টাকা প্রয়োজনের উপর ভিত্তি করে এফডিআর করা প্রয়োজন। কারণ প্রাইভেট ব্যাংক/ব্যক্তিগত মালিকানাধীন ব্যাংকে একাউন্ট খোলা বা টাকা গচ্ছিত রাখা বর্তমান সামাজিক প্রেক্ষাপটে সমীচীন নয়।
- ২৭। রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ প্রকল্পের প্রধান ফটক সংলগ্ন রাস্তাটি চলাচলের অনুপযোগী। এ ব্যাপারে স্থানীয় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যেমন-উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্থানীয় সরকার প্রকৌশলী, ইউনিয়ন কাউন্সিলের চেয়ারম্যান সহ অন্যান্য কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে রাস্তাটি চলাচলের জন্য উপযোগী করার পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।
- ২৮। বৃহত্তর আশুলিয়া প্রধান সড়কে “এক্সপ্রেস ওয়ে”/উডাল সেতু নির্মাণাধীন। এটি সম্পন্ন হলে রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর প্রকল্পে বসতবাড়ী নির্মাণের ক্ষেত্রে তথা প্রকল্পের সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে “এক্সপ্রেস ওয়ে” ভূমিকা রাখবে বলে ছায়া কমিটি মনে করে। এ বিষয়টি সরোজমিনে কার্যকরী পর্যদ এবং ছায়া কমিটি যৌথভাবে পরিদর্শন পূর্বক প্রকল্পের উন্নয়নের ক্ষেত্রে আর কী কী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে, সেজন্য একটি নির্দিষ্ট দিন তারিখ ধার্য করে পরিদর্শন করা যেতে পারে এই মর্মে প্রস্তাব করা হলো।
- এখানে উল্লেখ্য “এক্সপ্রেস ওয়ে” সংলগ্ন কোন স্থান/জায়গা থেকে/রাস্তা থেকে রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ প্রকল্প এলাকা পর্যন্ত লিংক রোড/রাস্তা ইত্যাদি করা যেতে পারে কিনা তা বিবেচনায় নেয়া যেতে পারে। এ ব্যাপারে স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখা যায় বলে ছায়া কমিটি মনে করে।
- ২৯। রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর গত ৩৩তম বার্ষিক সাধারণ সভায় কার্যকরী পর্যদের অনেক সাধারণ সদস্যবৃন্দ উত্থাপন করেন যেমন-বার্ষিক সাধারণ সভার চিঠিপত্র পান না। এ ধরণের বিষয়গুলো যাতে পুনঃরায় উত্থাপন না হয় সে জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব করা হলো।
- ৩০। কার্যকরী পর্যদের প্রয়োজনীয় খরচ বা ব্যয়ের ব্যাপারে অডিট রিপোর্টে বেশ কিছু আপত্তি রয়েছে। এ ধরণের অডিট আপত্তি কাম্য নয়। এ ব্যাপারে ভবিষ্যতে সমবায় অডিটের পূর্বে অভ্যন্তরীণ নিরীক্ষা করা প্রয়োজন (এ বিষয়টি পূর্বে অনুচ্ছেদ-১১ তে বিস্তারিত উল্লেখ করা হয়েছে)।
- ৩১। প্রকল্পের পাশ্চাত্য বরিশাল সমিতির নিকট থেকে তাহাদের বসবাসজনিত কোন ধরণের সমস্যা যেমন-সামাজিক সমস্যা, রাজনৈতিক সমস্যা, পরিবেশগত সমস্যা, নিরাপত্তা জনিত সমস্যা বিদ্যিত হচ্ছে কিনা সে বিষয়ে আলোচনাপূর্বক একটি ধারণা নেয়ার জন্য কার্যকরী পর্যদকে অনুরোধ করা হলো। যাতে রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর আগামী বার্ষিক সাধারণ সভায় সাধারণ সদস্যদের প্রকল্পের সামগ্রিকভাবে সামাজিক পরিবেশগত অবস্থা সম্পর্কে একটা ধারণা দেয়া যায়।
- ৩২। রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর সার্বিক উন্নয়ন সংক্রান্ত ছায়া কমিটির সভাগুলোর আলোচনা ও গৃহিত প্রস্তাব/সুপারিশ/সিদ্ধান্ত সমূহের প্রতিটির কপি/প্রিন্ট কার্যকরী পর্যদের চেয়ারম্যান এবং সেক্রেটারী মহোদয়কে প্রদান করা হয় যাতে কার্যকরী পর্যদ সমস্যা দূরীকরণের প্রয়োজনীয় পদক্ষেপ দ্রুত গ্রহণ করতে পারেন।


 *Amranta*




রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর সকল সদস্যদের “শান্তির নীড়”
বিনির্মানের লক্ষ্যে প্রস্তাবসমূহ বাস্তবায়ন করা আবশ্যিক এবং জরুরী বলে ছায়া কমিটি মনে করে। প্রস্তাবগুলো
বাস্তবায়ন হলে সকল সম্মানিত সদস্য ও সদস্যবৃন্দের প্রাণের আশার প্রতিফলন ঘটবে বলে ছায়া কমিটি মনে
করে। এ প্রকল্পের উন্নয়নমূলক সকল কাজ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সকল সদস্যগণ সহযোগিতার হাত
বাড়িয়ে দেবেন এই আশাবাদ ছায়া কমিটি ব্যক্ত করছে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করছে।


০৬/০৬/২০২৬
(হারি শঙ্কর সরকার)

সদস্য-সচিব, ছায়া কমিটি
কোঃ নং-২৬৯, মোবাইল নং-০১৫৫২৩৪১০৭২
০১৮৭৩৮৯৪১৬৭


০৬/০৬/২৬
(জনাব এ,টি,এম আলী আশরাফ খান)

সদস্য, ছায়া কমিটি
কোঃ নং-৭৪, মোবাইল নং-০১৭২৯৭৬৮২৫২



(প্রফেসর ড. মনির উদ্দিন)

সদস্য, ছায়া কমিটি
কোঃ নং-২৭৯, মোবাইল নং-০১৭১২৫১৩৬১৬



(প্রফেসর ড. মোঃ উমার আলী)

সদস্য, ছায়া কমিটি
কোঃ নং-৪৫৯, মোবাইল নং-০১৭৩৩২৩৬১২৩


০৬/০৬/২০২৬
(আবুল বাসার মিয়া)

আহ্বায়ক, ছায়া কমিটি
কোঃ নং-২৭২, মোবাইল নং-০১৭১২৯৫৩০৭২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য করণীয়/সুপারিশ/প্রস্তাব সমূহ প্রতিবেদন আকারে প্রদান করা হলো।

- ১। চেয়ারম্যান, রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ
কোঃ নং-০৩, মোবাইল নং-০১৭৩০৩৫৪৬৫৯
- ২। সেক্রেটারী, রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ
কোঃ নং-৪২০, মোবাইল নং-০১৩০৪৭৫৫৯০৬